ফাঁকা মালদার হোল্ডিং সেন্টার

ইদের রাতে প্রথম পুশব্যাক

অরিন্দম বাগ

মালদা, ২৯ মে : বৃহস্পতিবার ছিল ইদুজ্জোহা। সেদিনই মালদার হোল্ডিং সেন্টারে থাকা বাংলাদেশি অনুপ্রবেশকারীদের বিএসএফের হাতে তুলে দিয়ে যেন 'ইদের সালামি' দিল মালদা জেলা পুলিশ। সূত্রের খবর, ৩ জন মহিলা ও ৬ জন নাবালক-নাবালিকা সহ সেই ৯ জনকে বৃহস্পতিবার রাতেই বাংলাদেশে পুশব্যাক করা হয়েছে। যদিও এ নিয়ে প্রশাসনের তরফ থেকে সরাসরি কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি। পুলিশ সুপার অনুপম সিং শুধু বলেছেন, 'সরকারি নির্দেশ অনুযায়ী বৃহস্পতিবার রাতেই ৩ জন মহিলা ও ৬ জন নাবালক-নাবালিকা বাংলাদেশি নাগরিককে বিএসএফের হাতে তুলে দেওয়া হয়েছে। এর বেশি আমাদের আর কিছু বলা সম্ভব নয়।'

আপাতত কাজিগ্রামের সেই হোল্ডিং সেন্টার ফাঁকাই। শুক্রবার সকাল থেকে তাই অনেকটাই রিল্যাক্সড মুডে হোল্ডিং সেন্টারের নিরাপত্তারক্ষীরা। এদিন সকাল থেকে আর তেমন কোনও সরকারি গাড়ির আনাগোনা নেই। কারও জন্য রান্না করার কোনও তোড়জোড় নেই। আশপাশে কাউকে এ দিনও ঘেঁষতে দেওয়া হয়নি ঠিকই, তবে নিরাপত্তার দায়িত্বে থাকা সিভিক ভলান্টিয়ারদের মধ্যেও একটু ঢিলেঢালা ভাব। তাঁদের এমন হাবভাব দেখে সবার আগে সন্দেহ হয় স্থানীয় বাসিন্দাদের। রাতে কখন যে চুপিসারে গাড়ি এসে সেই ৯ জনকে নিয়ে গিয়েছে, তা কিন্তু স্পষ্ট করে বলতে পারছেন না স্থানীয়রা। আর নিরাপত্তারক্ষীরা তো সেই প্রথম দিন থেকেই মুখে কুলুপ এঁটেছেন। স্থানীয়রা তো অনেক পরে জানতে পারেন যে সবাইকে পুশব্যাক করা হয়েছে।

অনেকটা নিরিবিলি ইংরেজবাজারের হোল্ডিং সেন্টার। শুক্রবার।

তারপর বিভিন্ন জটলায় ছড়াতে থাকে জল্পনা। কেউ বলতে থাকেন, 'মধ্যরাতে গাড়ির শব্দ পেয়েছিলাম।' কেউ আবার বলেন, 'উঁহু, ভোরের দিকে ওদের নিয়ে যাওয়া হয়েছে।' তবে আদতে কখন আর কী ঘটেছিল, তা জানা নেই কারও।

স্থানীয় শুভ মণ্ডল বলছিলেন, 'সকাল থেকেই হোল্ডিং সেন্টারে কেমন যেন নীরবতা ছিল। পুলিশকর্মীদের মধ্যে কোনও ব্যস্ততা দেখা যাচ্ছিল না। অন্যদিনের মতো গাড়িও আসছিল না। কী ঘটেছে প্রথমে কিছুই বুঝতে পারছিলাম না। প্রথমে অনুমান করেছিলাম, হয়তো ইদের রাতে পুলিশি টহলের কারণে সবকিছু একটু শান্ত ছিল। কিন্তু সময় গড়াতে গড়াতে বুঝতে পারি, রাতেই বাংলাদেশি অনুপ্রবেশকারীদের এখান থেকে নিয়ে চলে যাওয়া হয়েছে।'

অনুমান করা হচ্ছে, পরিকল্পনা করেই অনুপ্রবেশকারীদের বাংলাদেশে পুশব্যাক করতে ইদুজ্জোহার রাতকেই বেছে নেওয়া হয়েছিল। কারণ, সকাল থেকে ইদের আনন্দে মেতে থাকার পর রাতে বাংলাদেশি নাগরিকদের কাছ থেকে বাধা আসার আশঙ্কা কম ছিল। বাংলাদেশের সীমান্ত রক্ষীবাহিনীরও নজর ঢিলেঢালা থাকতে পারে বলে সুযোগ নিয়েছে এপারের প্রশাসন। যদি রাতে পুলিশ বিজিবির হাতে তুলে দেয় অনুপ্রবেশকারীদের, তা হলে রাতেই পুশব্যাক করা হয়েছে বলে অনুমান। কারণ বিএসএফের নিজস্ব কোনও হোল্ডিং সেন্টার নেই। তবে কোন এলাকা দিয়ে বাংলাদেশি নাগরিকদের ফেরত পাঠানো হয়েছে তা স্পষ্ট নয়। পুলিশেরই একাংশের ধারণা, হবিবপুর সীমান্ত দিয়ে ওই বাংলাদেশি অনুপ্রবেশকারীদের পুশব্যাক করা হয়ে থাকতে পারে। কারণ, সেখানে অনেকটা এলাকা কাঁটাতারবিহীন।

কৃষিবিজ্ঞান কেন্দ্রের নতুন পালক

কোচবিহার, ২৯ মে : কৃষি সম্প্রসারণে শ্রেষ্ঠত্বের জন্য 'এনএএএস-ধানুকা' পুরস্কার পেতে চলেছে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের কোচবিহার কৃষিবিজ্ঞান কেন্দ্র। এবছর কলকাতা জোনের সেরা কৃষিবিজ্ঞান কেন্দ্রের পুরস্কার পেতে চলেছে এই কৃষিবিজ্ঞান কেন্দ্রটি। ন্যাশনাল অ্যাকাডেমি অফ অ্যাগ্রিকালচারাল সায়েন্সের ৩৩তম সাধারণ সভা এবং প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে ৪ ও ৫ জুন নয়াদিল্লির এপি শিন্ডে সিম্পোজিয়াম হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের হাতে অ্যাকাডেমির তরফে পুরস্কার তুলে দেওয়া হবে। বিষয়টি জানাজানি হতেই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এখন খুশির হাওয়া। কোচবিহার কৃষিবিজ্ঞান কেন্দ্রের প্রধান শংকর সাহা বলেন, 'অ্যাকাডেমির তরফে আজ আমার হাতে চিঠিটি এসে পৌঁছেছে। এই সম্মানপ্রাপ্তিতে বিশ্ববিদ্যালয়ের মুকুটে আরেকটি পালক যুক্ত হল।'

এর আগেও দেশের কৃষি ও কৃষক উন্নয়নমন্ত্রকের অধীনে থাকা ইন্ডিয়ান কাউন্সিল অফ অ্যাগ্রিকালচারাল রিসার্চ (আইসিএআর)-এর বিচারে সেরার শিরোপা জিতেছিল কোচবিহার কৃষিবিজ্ঞান কেন্দ্র। মাস কয়েক আগে ইন্ডিয়ান সোসাইটি অফ অ্যাগ্রিকালচার অ্যান্ড হর্টিকালচার রিসার্চ ডেভেলপমেন্টের আয়োজিত ১৩তম আন্তর্জাতিক সম্মেলনে সেরা কৃষি বিজ্ঞানকেন্দ্রের পুরস্কার পায় কৃষিবিজ্ঞান কেন্দ্রটি। ২০১৯ সালে কোচবিহার কৃষিবিজ্ঞান কেন্দ্র ন্যাশনাল ইনোভেশন ইন ক্লাইমেট রিসিলিয়েন্ট অ্যাগ্রিকালচার প্রকল্পের শ্রেষ্ঠ কৃষিবিজ্ঞান কেন্দ্র হিসেবে পুরস্কৃত হয় কেন্দ্রটি। ২০২০ সালে ভারত সরকারের জলশক্তিমন্ত্রকের তরফে দ্বিতীয় ন্যাশনাল ওয়াটার অ্যাওয়ার্ড অনুষ্ঠানে কোচবিহার কৃষিবিজ্ঞান কেন্দ্রকে দেশের দ্বিতীয় শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। গত বছর স্লোভাকিয়ায় রাষ্ট্রসংঘের আন্তর্জাতিক কৃষি চলচ্চিত্র অনুষ্ঠানে এই কৃষিবিজ্ঞান কেন্দ্রের তথ্যচিত্র ফুড অ্যান্ড অ্যাগ্রিকালচারাল অর্গানাইজেশন পুরস্কার লাভ করে। আইসিএআরের ৯৪ বর্ষপূর্তিতে পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় রাষ্ট্রীয় কৃষিবিজ্ঞান কেন্দ্র প্রোৎসাহন পুরস্কার পেয়ে দেশের ৭৩১টি কৃষিবিজ্ঞান কেন্দ্রের মধ্যে প্রথম স্থান অধিকার করেছিল কৃষিবিজ্ঞান কেন্দ্রটি।

কৃষিবিজ্ঞান কেন্দ্রের বিজ্ঞানীরা জানান, কয়েক বছরের গবেষণা ও কৃষকদের নিয়ে কাজের মূল্যায়ন করে এই সংস্থা তাঁদের পুরস্কৃত করছে।

৭০০ কর্মী চেয়ে পরিবহণ দপ্তরকে চিঠি

গৌরহরি দাস

কোচবিহার, ২৯ মে : কর্মীসংকটে দেওয়ালে পিঠ ঠেকে গিয়েছে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের। যে কারণে এবার রাজ্য পরিবহণ দপ্তরের কাছে ৭০০ জন কর্মী চেয়ে চিঠি পাঠালেন নিগমের ম্যানেজিং ডিরেক্টর (এমডি) দীপঙ্কর পিপলাই। বৃহস্পতিবার রাতে তিনি রাজ্য পরিবহণ দপ্তরের কাছে এই চিঠি পাঠিয়েছেন। তাতে তিনি ৩০০ জন স্থায়ী কর্মী-আধিকারিক এবং ৪০০ জন কন্ট্রাকচুয়াল ড্রাইভার-কনডাক্টর দেওয়ার আর্জি জানিয়েছেন।

কর্মীর অভাবে বর্তমানে নিগমের যা অবস্থা তাতে রাজ্য সরকার এই সংখ্যক কর্মী বরাদ্দ করলে নিগমকে তাঁরা মোটামুটি ভালোভাবে চালাতে পারবেন। আর তা না হলে যে কোনও সময় নিগমের মুখ থুবড়ে পড়ার সম্ভাবনা রয়েছে। নিগমের এমডি দীপঙ্কর পিপলাই বলেন, 'নিগমকে ভালোভাবে চালাতে প্রয়োজনীয় কর্মী চেয়ে দপ্তরকে চিঠি পাঠিয়েছি।'

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের সবমিলিয়ে ৭ শতাধিক বাস রয়েছে। এর মধ্যে যাত্রী পরিষেবার জন্য প্রতিদিন রাস্তায় ৫৫০ থেকে ৬০০টি বাস চলে। এই বাসগুলিকে চালানো, বাসগুলির রক্ষণাবেক্ষণ, নিগমের অফিশিয়াল কাজকর্ম সহ গোটা নিগমের সবকিছু সুষ্ঠুভাবে

এনবিএসটিসি

চালানোর জন্য নিগমে মোট ৩ হাজার ৭৭৫টি সরকারি স্থায়ী কর্মীর পদ রয়েছে। অথচ নিগমের এমডি-কে নিয়ে বর্তমানে স্থায়ী কর্মী-আধিকারিক রয়েছেন মাত্র ৩১১ জন। অর্থাৎ, ৩৪৬৪টি স্থায়ী কর্মী-আধিকারিকের পদ নিগমে পুরোপুরি ফাঁকা অবস্থায় রয়েছে। বর্তমানে নিগম পুরোটাই চলছে কন্ট্রাকচুয়াল কর্মীদের দ্বারা। নিগম সূত্রে খবর, বর্তমানে এনবিএসটিসি-তে কন্ট্রাকচুয়াল গাড়ির চালক ও কনডাক্টর রয়েছেন ১৬৭২ জন। এছাড়া, এজেন্সি নিযুক্ত গাড়ির চালক ও কনডাক্টর রয়েছেন ৪৬১ জন। এতে কর্মীসংকটে ধুঁকছে পুরো নিগম। পাশাপাশি, নিগমে ফোরম্যানের অনুমোদিত পদ রয়েছে ২৭টি। কিন্তু তার মধ্যে একজনও নেই। জুনিয়ার ফোরম্যানেরও ৩০টি পদ থাকলেও সেখানেও কেউ নেই।

এই অবস্থায় নিগমকে সুষ্ঠুভাবে চালাতে কর্মীর প্রয়োজন খুব গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। বর্তমানে নিগমে যে ৩১১ জন স্থায়ী কর্মী রয়েছেন, কয়েকমাসের মধ্যেই তাঁদের মধ্যে প্রায় ১০০ জন কমে যাবে। এই অবস্থায় বৃহস্পতিবার রাতে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের এমডি মোট ৭০০ কর্মী চেয়ে দপ্তরের কাছে চিঠি পাঠিয়েছেন। এর মধ্যে, স্থায়ী কর্মী হিসেবে ট্রাফিক অফিসার, ইঞ্জিনিয়ার সহ বিভিন্ন কর্মী-আধিকারিক চাওয়া হয়েছে। এছাড়া, কন্ট্রাকচুয়াল ৪০০ জন ড্রাইভার ও কনডাক্টর চাওয়া হয়েছে।

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE

Assistant Engineer, Balurghat Highway Sub-Division, P.W. (Roads) Directorate invites online e- Tender No.-01 of 2026-27. Tender ID : 2026_WBPWD_5014670_1. Bid submission start date (online) : 27.05.2026 from 18:30 hrs. Bid Submission closing date (Online) : 08.06.2026 up to 18:30 hrs. Corrigendum if any will be published in website only. Details of N.I.e.T and Tender documents may be downloaded from http://tenders.wb.gov.in Sd/- Assistant Engineer Balurghat Highway Sub-Division Public Works (Roads) Directorate. ICA-T8901(1)/2026

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং: সি-কন-এমআইএস-প্রপোজাল-২৫; তারিখ : ২১-০৫-২০২৬-এর বাতিলকরণ

টেন্ডার নং: সি-কন-এমআই এস-প্রপোজাল-২৫। তারিখ : ২১-০৫-২০২৬ কাজের জন্য "নিউ জলপাইগুড়ি রেলওয়ে স্টেশন এলাকার খালি জমিতে (যাত্রী সুবিধা কেন্দ্র) প্যাসেঞ্জার কনভেনিয়েন্স হাব-এর উন্নয়ন" প্রশাসনিক কারণে এতদ্বারা বাতিল করা হলো।

ডিআরএম (সি), কাটিহার
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

ইলেকট্রিক্যাল জেনারেল কাজ

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং: ইএল/২৯/২৭_২০২৬/কে/৩৩০, তারিখ: ২৫-০৫-২০২৬। নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে: টেন্ডার নং: ২৭_২০২৬; কাজের নাম: ইঞ্জিনিয়ারিং কাজের সাথে সংশ্লিষ্ট ইলেকট্রিক্যাল জেনারেল কাজ "অমৃত ভারত স্টেশন স্কিম: হরিশচন্দ্রপুর রেলওয়ে স্টেশনের সার্কুলেটিং এরিয়ায় জল নিষ্কাশন ব্যবস্থাসহ নতুন স্টেশন ভবনের ব্যবস্থা"। টেন্ডার মূল্য: ৫৪,৮৭,৯৫৫.০০ টাকা; বায়নার ধন: ১,০৯,৮০০.০০ টাকা। ই-টেন্ডার বন্ধ হবে ১৬-০৬-২০২৬ তারিখের ১৫:০০ ঘণ্টায় এবং খুলবে ১৬-০৬-২০২৬ তারিখের ১৫:৩০ ঘণ্টায়। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য http://www.ireps.gov.in ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

সিনি. ডিইই/জিঅ্যান্ডসিএইচজি./কাটিহার
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

কোয়ার্টারের মেরামত এবং পেইন্টিং

টেন্ডার নোটিস নং. কেআইআর/ইএনজিজি/২০ অফ ২০২৬ তারিখ: ২৬-০৫-২০২৬। ভারতের রাষ্ট্রপতির পক্ষে এবং তরফ থেকে নিম্নলিখিত কাজগুলির জন্য "ই-টেন্ডারিং" পদ্ধতির মাধ্যমে কাজের টেন্ডার আহ্বান করা হয়েছে- কাজের নাম: সুকনা-দার্জিলিং-এডিইএন/ডিএইচআর অধিক্ষেত্রের অধীনে সুকনা থেকে দার্জিলিং পর্যন্ত (ডিএইচআর খণ্ড) কোয়ার্টারের সম্পূর্ণ মেরামত এবং পেইন্টিং (মোট = ১০০ ইউনিট)। টেন্ডার রাশি: ৪,০৫,৭৯,৬২৫.২১/-টাকা। বায়না রাশি: ৮,১১,৬০০/- টাকা। ই-টেন্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়: ২৪-০৬-২০২৬ তারিখের ১৫.০০ ঘণ্টায় এবং খোলা যাবে: ১৫.৩০ ঘণ্টায়। উপরোক্ত ই-টেন্ডারের সম্পূর্ণ সবিশেষ সহিত টেন্ডার প্র-পত্র আগামী ২৪-০৬-২০২৬ তারিখের ১৫.০০ ঘণ্টা পর্যন্ত www.ireps.gov.in ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

ডিআরএম (ডব্লিউ)/কাটিহার
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

সোনা ও রুপোর দর

পাকা সোনার বাট (৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম)	১৫৬৭০০
পাকা খুচরো সোনা (৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম)	১৫৭৫০০
হলমার্ক সোনার গয়না (৯১৬/২২ ক্যারেট ১০ গ্রাম)	১৪৯৭০০
রুপোর বাট (প্রতি কেজি)	২৬৩৩৫০
খুচরো রুপো (প্রতি কেজি)	২৬৩৪৫০

* দর টাকায়, জিএসটি এবং টিসিএস আলাদা

পঃবঃ বুলিয়ান মার্চেন্টস্ অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশনের বাজারদর

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
Corrigendum

Name of work : **Patiram Kumarganj Road (MDR) from Chainage 0.50 KM to 2.50 KM - Patch repairing work under Dakshin Dinajpur Division, P.W. Dte.** Last date of Submission of Bid is hereby extended for NIT No. 02 of 2026-27 of AE/BSDI/PWD having Tender ID (2026_WBPWD_1003767_1) upto 02.06.2026, 02:00 A.M. Intending bidders are requested to visit the website: http://tenders.wb.gov.in and this office notice board Sd/- Assistant Engineer, Balurghat Sub-Division No.- I, P.W. Dte. ICA-T8907(1)/2026

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE

AE, Cob Hwy. Sub-Divn. No-III, P.W. (Roads) Dte. invites online e-tender for the work of – 1) **Preparation of DPR with all necessary Survey, Field Works, Traffic Census, Soil Investigation, Pavement Design, axle load survey and with necessary Estimate for upcoming project work of Chilakhana-Natabari road, from 0.00km to 9.80km, strengthening work under Cooch Behar Highway Division in the District of Cooch Behar. Including preparation of PPT of DPR. E NIQ No. 02 (E) of 2026-27, Tender ID : 2026_WBPWD_5014666_1.** Bid submission Start date (online) : 01/06/2026 from 9:00 A.M. Bid submission closing date (online) : 08/06/2026 up to 4:00 P.M. Corrigendum if any will be published in website only. Details of NIT and Tender documents may be downloaded from : https://tenders.wb.gov.in Sd/- Assistant Engineer, Cooch Behar Highway Sub-Division-III Cooch Behar. ICA-T8905(2)/2026

GOVERNMENT OF WEST BENGAL
PWD CORRIGENDUM NOTICE

Corrigendum for change of Bid proposal Submission Closing/end date (Online) & Date and time of Opening of Technical Proposals (online) due to correction in NIT documents. WB/PWD/EE/NBD/SS/NIT No. 1 of 2026-2027. Name of Work :- Day to day Sanitary & Plumbing (civil) maintenance at North Bengal Medical College and Hospital. Tender ID:- 2026_WBPWD_5014116_1

Sl. No.	Item	In place of	Please read as
1.	Bid proposal Submission Closing/end date (Online)	27.05.2026 up to 2.00 PM	08.06.2026 up to 2.00 PM
2.	Date and time of Opening of Technical Proposals (online)	29.05.2026 after 2.00 PM	10.06.2026 after 2.00 PM

Further Corrigendum if any will be published in website only. Details of NIT & tender documents & Corrigendum documents may be downloaded from https://tenders.wb.gov.in Sd/- EE, NBD, SS, P.W. Dte., Siliguri, Govt. of W.B. ICA-T8888(2)/2026

রঙ্গিয়া মণ্ডলে বৈদ্যুতিক কাজ

টেন্ডার নোটিস নং. আরএনওয়াই-ইএল-টি-০৮-২০২৫-২৬-আরটি তারিখ: ২৬-০৫-২০২৬। ভারতের রাষ্ট্রপতির পক্ষে এবং তরফ থেকে নিম্নলিখিত কাজগুলির জন্য "ই-টেন্ডারিং" পদ্ধতির মাধ্যমে কাজের টেন্ডার আহ্বান করা হয়েছে:- কাজের নাম: নাহরলগুণের রানিং কক্ষের সংবর্ধনের সঙ্গে সম্পর্কিত বৈদ্যুতিক কাজ। টেন্ডার রাশি: ৭,৬৫,৩২০.৩২/-টাকা। বায়না রাশি: ১৫,৩০০/- টাকা। ই-টেন্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়: ১৯-০৬-২০২৬ তারিখের ১৫.০০ ঘণ্টায়। উপরোক্ত ই-টেন্ডারের সম্পূর্ণ সবিশেষ সহিত টেন্ডার প্র-পত্র www.ireps.gov.in ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

জ্যেষ্ঠ ডিইই/রঙ্গিয়া
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

তেজনারায়ণপুর রেলওয়ে স্টেশনে পার্কিং স্ট্যান্ডের চুক্তি প্রদান

কাটিহার ডিভিশনের তেজনারায়ণপুর রেলওয়ে স্টেশনে পার্কিং স্ট্যান্ডের চুক্তির জন্য ই-নিলাম আহ্বান করা হয়েছে। **ক্যাটালগ নম্বর: টিএনপিআর-পার্কিং। বিবরণ:** দুই চাকা, তিন চাকা ও চার চাকার যানবাহনের জন্য পার্কিং লট। **রেট ইউনিট:** বার্ষিক লাইসেন্সিং ফি। **নিলাম শুরুর তারিখ ও সময় (সকল লট):** ১৫-০৬-২০২৬ তারিখ ১০:০০ টায়।

ক্রম নং	লট নং/ক্যাটাগরি	দিন
এএ/১	পার্কিং-কেআইআর-টিএনপিআর-এমএক্স-১৭৫-২৬-১ (পার্কিং-মিক্সড)	১০৯৬

ই-নিলাম বন্ধের তারিখ ও সময় : ১৫-০৬-২০২৬ তারিখে ১০:৩০ টায়। প্রাথমিক কুলিং অফ পিরিয়ড ৩০ মিনিট। পরপর লট বন্ধের ব্যবধান ১০ মিনিট। **বিঃদ্রঃ** সম্ভাব্য বিডারদের আরও বিস্তারিত তথ্যের জন্য আইআরইপিএস ওয়েবসাইট www.ireps.gov.in -এ ই-নিলাম লিজিং মডিউল দেখতে অনুরোধ করা হচ্ছে।

সিনিয়র ডিসিএম, কাটিহার
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

কাটিহার ডিভিশনের বিভিন্ন রেলওয়ে স্টেশনে পার্কিং স্ট্যান্ডের চুক্তি প্রদান

কাটিহার ডিভিশনের বিভিন্ন রেলওয়ে স্টেশনে পার্কিং স্ট্যান্ডের চুক্তির জন্য ই-নিলাম আহ্বান করা হচ্ছে। **ক্যাটালগ নম্বর: বিওআরএ-পার্কিং। রেট ইউনিট:** বার্ষিক লাইসেন্সিং ফি। **নিলাম শুরুর তারিখ ও সময় (সকল লট):** ১২-০৬-২০২৬ তারিখে ১০:০০ টায়। **দিন :** ১০৯৬।

ক্রম নং	লট নং/ক্যাটাগরি
এএ/১	পার্কিং-কেআইআর-কেএনই-এমএক্স-১০৫-২৫-১ (পার্কিং-মিক্সড)
এএ/২	পার্কিং-কেআইআর-বিওআরএ-এমএক্স-১৪০-২৫-২ (পার্কিং-মিক্সড)
এএ/৩	পার্কিং-কেআইআর-কেআইআর-এমএক্স-১৫৭-২৫-১ (পার্কিং-মিক্সড)
এএ/৪	পার্কিং-কেআইআর-টিকেজি-এমএক্স-১৩৮-২৪-১ (পার্কিং-মিক্সড)
এএ/৫	পার্কিং-কেআইআর-পিআরএনএ-এমএক্স-১৪৩-২৫-১ (পার্কিং-মিক্সড)
এএ/৬	পার্কিং-কেআইআর-এইউবি-এমএক্স-৯৬-২৫-১ (পার্কিং-মিক্সড)
এএ/৭	পার্কিং-কেআইআর-এআরআর-এমএক্স-১১১-২৫-১ (পার্কিং-মিক্সড)
এএ/৮	পার্কিং-কেআইআর-এসজিইউজে-এমএক্স-১৬৭-২৫-১ (পার্কিং-মিক্সড)
এএ/৯	পার্কিং-কেআইআর-বিএনডিপি-এমএক্স-১৬২-২৫-১ (পার্কিং-মিক্সড)
এএ/১০	পার্কিং-কেআইআর-কেআইআর-এমএক্স-১৭৩-২৬-১ (পার্কিং-মিক্সড)
এএ/১১	পার্কিং-কেআইআর-এমএলএফসি-এমএক্স-১৪১-২৫-৩ (পার্কিং-মিক্সড)
এএ/১২	পার্কিং-কেআইআর-এফবিজি-এমএক্স-১৩৯-২৫-৩ (পার্কিং-মিক্সড)
এবি/১	পার্কিং-কেআইআর-কেআইআর-পিসিসিভি-১৫৫-২৫-১ (পার্কিং - যাত্রীবাহী বাণিজ্যিক যানবাহন)
এবি/২	পার্কিং-কেআইআর-এমএলএফসি-পিসিসিভি-১৫১-২৫-১ (পার্কিং - যাত্রীবাহী বাণিজ্যিক যানবাহন)
এবি/৩	পার্কিং-কেআইআর-এফবিজি-পিসিসিভি-১৫৬-২৫-১ (পার্কিং - যাত্রীবাহী বাণিজ্যিক যানবাহন)
এবি/৪	পার্কিং-কেআইআর-এনজেপি-পিসিসিভি-১৪৪-২৫-১ (পার্কিং - যাত্রীবাহী বাণিজ্যিক যানবাহন)

ই-নিলাম বন্ধের তারিখ ও সময় : ১২-০৬-২০২৬ তারিখে ১৩:০০ টায়। প্রাথমিক কুলিং অফ পিরিয়ড ৩০ মিনিট। পরপর লট বন্ধের ব্যবধান ১০ মিনিট। **বিঃদ্রঃ** সম্ভাব্য বিডারদের আরও বিস্তারিত তথ্যের জন্য আইআরইপিএস ওয়েবসাইট www.ireps.gov.in -এ ই-নিলাম লিজিং মডিউল দেখতে অনুরোধ করা হচ্ছে।

সিনিয়র ডিসিএম, কাটিহার
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

বৈঁক ऑफ़ बड़ौदा
Bank of Baroda

শিলিগুড়ি আঞ্চলিক কার্যালয়
হোমল্যান্ড বিজনেস সেন্টার পঞ্চম তলা,
তিন মাইল সেবক রোড, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ-৭৩৪০০৮

ই-অকশন বিক্রয় নোটিশ

পরিশিষ্ট-এ
স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় নোটিশ
"পরিশিষ্ট-IV-এ [রুল ৮(৬) অথবা ৯(১)-এর অনুবিধি দেখুন]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮(৬) অথবা ৯(১) অনুবিধির সহিত পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনানসিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২ এর অন্তর্গত স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য ই-অকশন বিক্রয় নোটিশ।

সাধারণভাবে জনসাধারণ এবং নির্দিষ্টভাবে ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ) এবং জামিনদাতা(গণ)-কে এতদ্বারা নোটিশ দেওয়া হচ্ছে যে নিম্নে বর্ণিত স্থাবর সম্পত্তি বন্ধকী ঋণদাতাকে বন্ধক দেওয়া/চার্জ দেওয়া সম্পত্তির দখল ব্যাংক অফ বরোদার অনুমোদিত আধিকারিক দ্বারা নেওয়া হয়েছে যেটির পুনরুদ্ধারের জন্য নিম্নে উল্লেখিত অর্থমূল্য আদায়ের উদ্দেশ্যে "যেখানে যেমন আছে', 'যেখানে যা কিছু আছে', 'যেখানে যাই থাকুক" ভিত্তিতে বিক্রয় করা হবে। ঋণগ্রহীতা/বন্ধকদাতা/জামিনদাতা/ সুরক্ষিত সম্পত্তি / গুলি / বকেয়া / সংরক্ষিত অর্থমূল্য / ই-অকশনের তারিখ ও সময়, ইএমডি, এবং দর বৃদ্ধির পরিমাপের বিশদ বিবরণ নিম্নে উল্লেখ করা হয়েছে :

ক্রম. লট নং	ঋণগ্রহীতা/গণ/জামিনদাতা/গণ/ বন্ধকদাতা(গণ)-এর নাম ও ঠিকানা	স্থাবর সম্পত্তি সঙ্গে জ্ঞাত দায়বদ্ধতা যদি থেকে থাকে তার বিশদ বিবরণ	মোট বকেয়া	ই-অকশনের তারিখ ও সময়	সংরক্ষিত অর্থমূল্য ইএমডি অর্থমূল্য দর বৃদ্ধির পরিমাপ	দখলের অবস্থা	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়
১।	০১। মেসার্স মা কামাখ্যা রাইস মিল ০২। শ্রী রঞ্জিত সিং (অংশীদার) ০৩। শ্রীমতী শালিনী সিং (অংশীদার) ০৪। শ্রী গিরিধর গোপাল সিং (জামিনদাতা) গ্রাম : ওদলাবাড়ি, পোস্ট – মানাবাড়ি, থানা – মালবাজার, জেলা-জলপাইগুড়ি (প:ব:), পিন-৭৩৫২২২ শাখা : মালবাজার শাখা, আদর্শ বিদ্যা ভবনের বিপরীতে, পোস্ট ও থানা – মালবাজার, জেলা- জলপাইগুড়ি-৭৩৫২২১ (পশ্চিমবঙ্গ), ভারতবর্ষ অনুমোদিত আধিকারিকের যোগাযোগ নম্বর : ৭৬০২৩২২২০০	সমানভাবে বন্ধকরত সম্পূর্ণ জমিটির সকল অবিভাজ্য অংশের স্বতন্ত্র চার্জ এবং ভবনটির পরিমাপ ১.১৯ একর যেটি 'রাইশ মিল'- শ্রেণির অন্তর্গত, এটি বাদে বাকি জমির পরিমাপ ০.৮৬ একর, যেটি আর.এস. খতিয়ান নং ৫৮/২৫ অনুরূপভাবে এল.আর. খতিয়ান নং ৫৪৫-এ নিবন্ধিত। আর.এল. প্লট নং- এর অংশ ১০৬৩ অনুরূপভাবে এল. আর. প্লট নং-১৮৩২ যেটি পশ্চিমবঙ্গ রাজ্যের অন্তর্গত, মৌজা-ওদলাবাড়ি, পরগণা চ্যাংমারি, জে.এল. নং-২৫ (পুরাতন), ২০ (নতুন), তৌজি নং ৮৪, ওদলাবাড়ি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত, থানা-মাল, জেলা-জলপাইগুড়িতে শ্রী গিরিধর গোপাল সিং-এর স্বত্বাধিকরণে অবস্থিত। এবং জমি ও ভবনের পরিমাপ ০.৩৩ একর, আর.এস. খতিয়ান নং ৫৮/২৫ অনুরূপভাবে এল.আর. খতিয়ান নং ৫৪৫, আর.এস. প্লট নং অংশ ১০৬৩ অনুরূপভাবে এল.আর. প্লট নং-১৮৩২-এ পশ্চিমবঙ্গ রাজ্যের অন্তর্গত মৌজা-ওদলাবাড়ি, পরগণা-চ্যাংমারি, জে.এল. নং-২৫ (পুরাতন), ২০ (নতুন), তৌজি নং-৮৫, ওদলাবাড়ি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত, থানা-মাল, জেলা-জলপাইগুড়িতে শ্রী রঞ্জিত সিং-এর স্বত্বাধিকরণে অবস্থিত। **সম্পত্তিটির সীমানা:** উত্তরে- শ্রী তপন কুমার মিত্রের জমি, দক্ষিণে-শ্রী তপন কুমার মিত্রের জমি, পূর্বে-শ্রী দিলীপ ওঁরাও -এর জমি, পশ্চিমে ১৫ ফিট চওড়া রাস্তা।	টা: ১,৪৮,৯৯,৯৯৭.০১ (টাকা এক কোটি আটচল্লিশ লক্ষ নিরানব্বই হাজার নয়শত সাতানব্বই এবং এক পয়সা মাত্র) ১২-১২-২০২৪ পর্যন্ত + অনির্ধারিত সুদ + অসংরক্ষিত সুদ + অন্যান্য অর্থমূল্য	২২-০৬-২০২৬ সময় দুপুর ২.০০ টা থেকে সন্ধে ৬.০০ টা	টা: ৪,৪৫,২৪,৮০০.০০ টা: ৪৪,৫২,৪৮০.০০ টা: ২৫,০০০.০০	প্রকৃতিগত	১৮-০৬-২০২৬ দুপুর ৩.০০ টা থেকে বিকেল ৫.০০ টা মোবাইল : ৭৬০২৩২২২০০ (সঙ্গে পূর্ব সাক্ষাতের হিসেবে)

বিক্রয়ের বিশদ শর্তাবলির জন্য অনুগ্রহ করে উল্লেখিত/লিংক যেটি ওয়েবসাইট লিংক https://www.bankof baroda.bank.in/e-auction.htm এবং অনলাইন নিলামের পোর্টাল https://baanknet.com -এ পরিদর্শন করুন অথবা সম্ভাব্য দরদাতারা অনুমোদিত আধিকারিকের মোবাইল নং ৭৬০২৩২২২০০- তে যোগাযোগ করুন।

তারিখ : ২৯-০৫-২০২৬
স্থান : শিলিগুড়ি

অনুমোদিত আধিকারিক
ব্যাংক অফ বরোদা

আলিপুরদুয়ার ডিভিশনের অধীনে ইঞ্জিনিয়ারিং কাজ

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং: ১৩/ডব্লিউ-২/এপিডিজে, তারিখ: ২৬-০৫-২০২৬। নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে: টেন্ডার নং: ০৫-এপি-II-২০২৬। কাজের নাম: এসএসই/ডব্লিউ/কোচবিহার অধিক্ষেত্রের অধীনে কলোনি এবং এসএসই/ডব্লিউ/II/আলিপুরদুয়ার জংশন, কোচবিহার, দিনহাটা এবং বামনহাট স্টেশন-এর অধীনে কলোনি এবং এসএসই/ডব্লিউ/I/আলিপুরদুয়ার জংশন, আলিপুরদুয়ার স্টেশন অধিক্ষেত্রের অধীনে এসএসই/ডব্লিউ/I/আলিপুরদুয়ার জংশনে ২৪ মাসের জন্য পানি সরবরাহের ভাল্বসমূহের পরিচালনা ও ইলেক্ট্রো-ক্লোরিনেটর্স -এর রক্ষণাবেক্ষণ। টেন্ডার মূল্য: ১,৯২,৪৯,৩৩৩.৮০ টাকা; বায়নার ধন: ২,৮৬,০০০.০০ টাকা। ই-টেন্ডার বন্ধ হবে ১৭-০৬-২০২৬ তারিখের ১৫.০০ ঘণ্টায় এবং খোলা হবে ১৭-০৬-২০২৬ তারিখের ১৫.৩০ ঘণ্টায়। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য http://www.ireps.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে।

ডিআরএম (ওয়ার্কস), আলিপুরদুয়ার জং.
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

ব্যবসা

R.O পানীয় জলকারখানা করে, মাসিক লক্ষাধিক টাকা উপার্জন করুন। 6291409300/ 7890737045. (K)

অ্যাফিডেভিট

গত 27.05.2026 -এ APD Notary Public দ্বারা অ্যাফিডেভিট বলে আমি Subhash Narjinary থেকে Subhash Basumata হলাম। (C/122008)

●

ড্রাইভিং লাইসেন্স নং WB - 64/26304 আমার বাবার নাম P.C. Dhar লিপিবদ্ধ হয়েছে। গত 19-5-26 J.M. 1st Court সদর, কোচবিহার অ্যাফিডেভিট দ্বারা বাবা Palan Chandra Dhar এবং P.C. Dhar এক এবং অভিন্ন ব্যক্তি হিসেবে পরিচিত হলেন। - Manash Kanti Dhar, গ্রাম ও পো: ঘুঘুমারী, থানা : কোতোয়ালি, জেলা : কোচবিহার, প:ব: (ভারত)। (C/121429)

●

I Papi Bhattacharjee W/o Tapash Kr. Bhattacharjee resident of Mohuripara Jalpaiguri (WB) hereby declare that I have changed my Name from Papi Bhattacharjee to Krishna Bhattacharjee and henceforth I shall be known as Krishna Bhattacharjee in all purpose vide affidavit No. 04 Sworn before the Notary Public at Jalpaiguri on 29.5.2026 Papi Bhattacharjee and Krishna Bhattacharjee both are same and identical Person. (C/121565)

●

আমি Shweta Agarwala, W/o Sanjay Agarwala, গ্রাম - মশালদহ বাজার, পো: করিয়ালী থানা - হরিশ্চন্দ্রপুর, জেলা- মালদা। আমার মেয়ের জন্ম প্রমাণ পত্রে (যার রেজি: নং 7113, Dt 21/07/2006) আমার নাম ও স্বামীর নাম ভুল থাকায় গত 22/05/26 তারিখে চাচোঁল মালদা J.M ১ম শ্রেণী কোর্টে অ্যাফিডেভিট বলে আমার নাম Sweta Agarwala থেকে Shweta Agarwala ও স্বামী Sanjoy Agarwala থেকে Sanjay Agarwala করা হইল। (M/115498)

GOVERNMENT OF WEST BENGAL
PWD e-TENDER
CORRIGENDUM NOTICE

Corrigendum Publication of e-NIT No.: WBPWD/EE/JED/NIT 01e/T of 2026-27. Tender Id No.: 2026_WBPWD_5014107_1, Name of Work : Repair, Renovation and Rectification of Internal Electrical installation work and compound lighting at Uttar Saripakuri PHC, Jalpaiguri. The last date for submission of tender upto 08-06-2026 at 12:00 P.M. All details can be seen from the website https://tenders.wb.gov.in or https://www.wbpwd.gov.in or office of the undersigned during office hours. Sd/- K. Deb.EE/JED/JALPAIGURI. ICA-T8930(2)/2026

আজ টিভিতে

ধুরন্ধর (ওয়ার্ল্ড টিভি প্রিমিয়ার) সন্ধে ৭.০০
স্টার গোল্ড, স্টার গোল্ড টু, কালার্স সিনেপ্লেক্স

সিনেমা

জলসা মুভিজ : সকাল ৯.৩০ পাওয়ার, দুপুর ১২.৪৫ স্বামীর ঘর, বিকেল ৪.০০ বেশ করেছি প্রেম করেছি, সন্ধে ৭.০০ বাঘ বন্দি খেলা, রাত ১০.১৫ রাখী পূর্ণিমা

কালার্স বাংলা সিনেমা : সকাল ৯.৩০ বদলা, দুপুর ১.০০ সাথী, বিকেল ৪.০০ ইডিয়ট, সন্ধে ৭.০০ চ্যালেঞ্জ, রাত ১০.০০ মিনিস্টার ফাটাকেষ্ট

জি বাংলা সোনার : সকাল ৯.০০ বাহাদুর, বেলা ১১.৩০ শপথ নিলাম, দুপুর ২.৩০ মেজবউ, বিকেল ৫.৩০ দান প্রতিদান, রাত ৮.০০ বউরানি, ১১.০০ মর্জিনা আবদাল্লা

ডিডি বাংলা : দুপুর ২.৩০ স্বয়ংসিদ্ধা, সন্ধে ৭.৩০ মধুর মিলন

কালার্স বাংলা : দুপুর ২.০০ রাজমহল

আকাশ আট : বিকেল ৩.০৫ আপন শত্রু

জি ক্লাসিক : সকাল ৯.১৬ বুলন্দি, দুপুর ১২.৪০ পিয়াসা সাওন, বিকেল ৪.১৭ গৌতম গোবিন্দ, সন্ধে ৭.০০ জীবন মৃত্যু, রাত ১০.২৫ কসম সুহাগ কি

মর্জিনা আবদাল্লা
রাত ১১.০০ জি বাংলা সোনার



স্বয়ংসিদ্ধা দুপুর ২.৩০
ডিডি বাংলা

টাইগারফিশ : আফ্রিকাজ পিরানহা
সন্ধে ৬.১৬ অ্যানিমাল প্ল্যানেট

আজকের দিনটি

শ্রীদেবাচার্য্য
৯৪৩৪৩১৭৩৯১

মেষ : সাংসারিক খরচ বৃদ্ধি নিয়ে পরিবারে কথা কাটাকাটি। উচ্চশিক্ষার্থীরা বিদেশে যাওয়ার সুযোগ পাবেন। কর্মক্ষেত্রে পদোন্নতি। বৃষ : সময়ের কাজ সময়ে শেষ করতে না পারলে অনুশোচনা করতে হতে পারে। বাড়ির কোনও বয়স্কজনের শরীর নিয়ে চিন্তা হতে পারে। মিথুন : কর্মক্ষেত্রে অত্যধিক কাজের চাপের কারণে শরীরে সামান্য সমস্যা হতে পারে। দাম্পত্যে সমস্যা কেটে যাবে। কর্কট : অপ্রয়োজনীয় খরচে রাশ টানুন। নতুন জমি কেনার আগে বাড়ির লোকের পরামর্শ নিন। সিংহ : বন্ধুবান্ধবদের কাছে পারিবারিক কোনও সমস্যা নিয়ে আলোচনা করবেন না। সন্তানের চাকরিপ্রাপ্তির খবরে বাড়িতে আনন্দ। কন্যা : বহুদিন আগে হারিয়ে যাওয়া কোনও জিনিস খুঁজে পেয়ে মানসিক চাপ কমবে। পৈতৃক সম্পত্তি রক্ষণাবেক্ষণে খরচ বাড়বে। তুলা : বাড়ি সংস্কার করতে গিয়ে ঋণ করতে হতে পারে। বেহিসেবি জীবনযাত্রার কারণে প্রচুর টাকা নয়ছয় হবে। বৃশ্চিক : স্ত্রীর সহযোগিতায় ব্যবসায় কোনও সমস্যা কাটিয়ে উঠতে পারবেন। বাইরের খাবার থেকে পেটে সংক্রমণ হতে পারে। ধনু : উচ্চশিক্ষা ও বৃত্তিমূলক শিক্ষায় সাফল্য। অংশীদারি ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করলেও সমস্যার সমাধান না হওয়ার সম্ভাবনা। মকর : সেবামূলক কাজে টাকা দিয়ে সাহায্য করতে পেরে মানসিক শান্তি পাবেন। ব্যবসায় আজ বিনিয়োগের চিন্তা স্থগিত রাখুন। কুম্ভ : কর্মক্ষেত্রে সহকর্মীদের সহযোগিতা থেকে বঞ্চিত হওয়ার সম্ভাবনা। পারিবারিক সমস্যা নিয়ে আইনি পথ নিতে হতে পারে। মীন : কর্মক্ষেত্রে নিজের প্রচেষ্টা ও দক্ষতার স্বীকৃতি পাবেন। স্বনিযুক্তি প্রকল্পে বিরাট সাফল্য পেতে পারেন। ধর্মে আগ্রহ বাড়বে।

দিনপঞ্জি

শ্রীমদনগুপ্তের ফুলপঞ্জিকা মতে ১৫ জ্যৈষ্ঠ ১৪৩৩, ভাঃ ৯ জ্যৈষ্ঠ, ৩০ মে ২০২৬, ১৫ জেঠ, সংবৎ ১৪ জ্যৈষ্ঠ সুদি অধিক, ১৩ জেলহজ্জ। সূঃ উঃ ৪।৫৬, অঃ ৬।১৪। শনিবার, চতুর্দ্দশী দিবা ১১।২১। বিশাখানক্ষত্র দিবা ১।১০ পরিঘযোগ প্রাতঃ ৫।২। বণিজকরণ দিবা ১১।২১ গতে বিষ্টিকরণ রাত্রি ১২।১৬ গতে ববকরণ। জন্মে- তুলারাশি শূদ্রবর্ণ মতান্তরে ক্ষত্রিয়বর্ণ রাক্ষসগণ অষ্টোত্তরী বুধের ও বিংশোত্তরী বৃহস্পতির দশা, দিবা ৬।৩৭ গতে বৃশ্চিকরাশি বিপ্রবর্ণ, দিবা ১।১০ গতে দেবগণ অষ্টোত্তরী ও বিংশোত্তরী শনির দশা। মৃতে- ত্রিপাদদোষ, দিবা ১।১০ গতে একপাদদোষ। যোগিনী- পশ্চিমে, দিবা ১১।২১ গতে বায়ুকোণে। কালবেলাদি ৬।৩৬ মধ্যে ও ১।১৫ গতে ২।৫৪ মধ্যে ও ৪।৩৪ গতে ৬।১৪ মধ্যে। কালরাত্রি ৭।৩৪ মধ্যে ও ৩।৩৬ গতে ৪।৫৬ মধ্যে। যাত্রা- নাই। শুভকর্ম- নাই। বিবিধ (শ্রাদ্ধ)- পূর্ণিমার সপিণ্ডন। পূর্ণিমার নিশিপালন। শ্রীশ্রীসত্যনারায়ণব্রত। মাহেন্দ্রযোগ- দিবা ৫।৪৮ মধ্যে ও ৯।২৩ গতে ১২।৪ মধ্যে। অমৃতযোগ- দিবা ৩।৩৮ গতে ৬।১৪ মধ্যে এবং রাত্রি ৭।২ গতে ৭।৪৪ মধ্যে ও ১১।১৬ গতে ১।২৩ মধ্যে ও ২।৪৭ গতে ৪।৫৬ মধ্যে।

সতর্কীকরণ ঃ উত্তরবঙ্গ সংবাদ অথবা পত্রিকার কোনও এজেন্ট পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপনের সত্যতা, যথার্থতার জন্য দায়ী নয়। কোনও প্রকার বিজ্ঞাপন দ্বারা প্রভাবিত হওয়ার আগে বিজ্ঞাপনের যথার্থতা যাচাই করে নিতে পাঠকদের অনুরোধ করা হচ্ছে।